



Apex ASTRO-OLYMPIAD



বাংলাদেশ অ্যাস্ট্রোনমিক্যাল এসোসিয়েশন
Bangladesh Astronomical Association

৩৯

স্বাক্ষরিত
২৭/০৭/২০২৪

তারিখঃ ২৬-০৬-২০২৪

বরাবর
অধ্যক্ষ

রাজশাহী সরকারী মডেল স্কুল এন্ড কলেজ
রাজশাহী।


বিষয়ঃ 'এপেক্স অ্যাস্ট্রো-অলিম্পিয়াড ২০২৪' এর আঞ্চলিক প্রতিযোগিতায় অত্র প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের অংশগ্রহণ প্রসঙ্গে।

মহোদয়,

বাংলাদেশে জ্যোতির্বিজ্ঞানকে জনপ্রিয় করার জন্য বাংলাদেশ অ্যাস্ট্রোনমিক্যাল এসোসিয়েশন গত ৩৬ বছর ধরে কাজ করে যাচ্ছে। সেই লক্ষ্যে এবং বিজ্ঞানমনস্ক জাতি গঠনের উদ্দেশ্যে রাজশাহীতে রাজশাহী অ্যাস্ট্রোনমি সেন্টার গঠন করা হয়েছে। এরই ধারাবাহিকতায় এবার উনিশতম জাতীয় 'এপেক্স অ্যাস্ট্রো-অলিম্পিয়াড ২০২৪' অনুষ্ঠিত হতে যাচ্ছে।

আপনি জেনে আনন্দিত হবেন যে, রাজশাহী অঞ্চলের অলিম্পিয়াডের বাছাই প্রতিযোগিতা আগামী ১০ জুলাই, রোজ বুধবার অনুষ্ঠিত হবে। অংশগ্রহণকারীরা দুইটি গ্রুপে (জুনিয়র গ্রুপ ১৪-১৫ বছর, সিনিয়র গ্রুপ ১৬-১৮ বছর) প্রতিযোগিতায় অংশগ্রহণের সুযোগ পাবে। প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের ১০০ নম্বরের একটি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

'এপেক্স অ্যাস্ট্রো-অলিম্পিয়াড ২০২৪' এর রাজশাহী অঞ্চলের আঞ্চলিক প্রতিযোগিতা রাজশাহী বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হবে। অলিম্পিয়াডের আঞ্চলিক প্রতিযোগিতায় অত্র প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ নিশ্চিত করতে শিক্ষার্থীদের অবহিতকরণ ও অনলাইন নিবন্ধন সম্পন্ন করতে উদ্বুদ্ধকরণে আপনার একান্ত মর্জি হয়। এবং একইসাথে বিজ্ঞানমনস্ক জাতি গঠনের আমাদের এই প্রচেষ্টায় সর্বাত্রিক সহযোগিতা কামনা করছি।


(আতিকুর রহমান আতিক)

সদস্য সচিব

এপেক্স অ্যাস্ট্রো-অলিম্পিয়াড ২০২৪

আঞ্চলিক আয়োজক কমিটি

রাজশাহী অঞ্চল

মোবাইলঃ ০১৩০৮-১৩২৬১৫

Powered By



Diamond Partner



In Cooperation with



Academic partner:



Media Partner:

